Imperial Health Charity
HELPING OUR HOSPITALS DO MORE

NHS
Imperial College Healthcare
NHS Trust

ওভারসিজ ভিজিটর টিম

# আমাদের হাসপাতালে ওভারসিজ ভিজিটরদের জন্য চার্জ

## রোগী, আত্মীয় এবং পরিচর্যাকারীদের জন্য তথ্য

**আমি কি বিনামূল্যে NHS হাসপাতালের পরিচর্যা নিতে পারবো?**

### ভূমিকা

আপনি যদি যুক্তরাজ্যের বাসিন্দা না হোন তাহলে আপনাকে NHS চিকিৎসার জন্য অর্থ প্রদান করতে হতে পারে। এটি যুক্তরাজ্যের আইন।

আমাদের দুর্ঘটনা এবং জরুরী বিভাগ থেকে সবাই বিনামূল্যে জরুরি পরিচর্যা পেতে পারবেন।

অন্যান্য বিভাগ থেকে আপনি যে চিকিৎসা পাবেন তার জন্য আপনাকে অর্থ প্রদান করতে হতে পারে। তবে এমন কারণ থাকতে পারে যার জন্য আপনাকে অর্থ প্রদান নাও করতে হতে পারে। এটাকে অব্যাহতি বলা হয়।

আপনাকে অর্থপ্রদান করতে হবে কিনা তা বোঝার জন্য আমরা আপনাকে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করবো। আমরা কিছু ডকুমেন্ট দেখতে চাইতে পারি।

### জরুরী বা তাৎক্ষণিক চিকিৎসা

আপনার যদি অবিলম্বে প্রয়োজনীয় বা খুবই গুরুতর চিকিৎসার প্রয়োজন হয় তবে আমরা সবসময়ই সেগুলো আপনাকে প্রদান করে থাকি। এর মধ্যে সব ধরণের প্রসূতি পরিচর্যা অন্তর্ভুক্ত। এর মধ্যে জরুরী ডায়ালাইসিস এবং হার্টের চিকিৎসাও অন্তর্ভুক্ত। তবে চিকিৎসা গ্রহণের পরে আপনাকে অর্থ প্রদান করতে হতে পারে।

## পরিকল্পিত চিকিৎসা (জরুরি নয় এমন)

যদি আপনার চিকিৎসা পরিকল্পিত হয় এবং জরুরী না হয় তবে চিকিৎসা গ্রহণের পূর্বে আপনাকে অর্থ প্রদান করতে হতে পারে। জরুরী নয় এমন পরিচর্যার জন্য আপনার কাছে যদি কোনো ধরণের অব্যাহতি অথবা ইনস্যুরেন্স না থাকে সেক্ষেত্রে এমনটি হবে।

## অব্যাহতি

আপনি চার্জ প্রদান করা থেকে অব্যাহতি পেতে পারেন। আপনার যদি EHIC থাকে তাহলে এটি প্রযোজ্য। অথবা, আপনি যদি যুক্তরাজ্যের স্বাস্থ্যসেবা চুক্তি সহ কোনো দেশ থেকে ভিজিট করতে আসেন। এটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে যদি আপনি কিছু নির্দিষ্ট রোগের জন্য চিকিৎসা পেয়ে থাকেন। অথবা, আপনি যদি কোনো সুরক্ষিত গোষ্ঠীর অন্তর্ভুক্ত হন। আপনার ক্ষেত্রে অব্যাহতি প্রযোজ্য কিনা সে সম্পর্কে আমাদের ওভারসিজ ভিজিটর টিম-এর কাছে থেকে পরামর্শ পেতে পারবেন।

## ইউরোপীয় হেলথ ইনস্যুরেন্স কার্ড (EHIC)

আপনার যদি আপনার নিজের দেশ থেকে ইস্যু করা বৈধ EHIC থাকে তাহলে হাসপাতালে পৌঁছানোর পরে অনুগ্রহ করে সেটা প্রদর্শন করুন। যদি আপনার EHIC না থাকে, তাহলে আপনার দেশ থেকে একটি প্রভিশনাল রিপ্লেসমেন্ট সার্টিফিকেট (PRC) চেয়ে নিন। PRC আপনার চিকিৎসার খরচ বহন করবে। আরো তথ্যের জন্য দেখুন: www.ehic.europa.eu

## হাসপাতাল থেকে বিনামূল্যে চিকিৎসা পাওয়ার জন্য কীভাবে আপনি আপনার যোগ্যতা প্রমাণ করবেন?

আমাদেরকে আপনার ID এবং ঠিকানার প্রমাণ দেখাতে হবে। আপনি বিনামূল্যে স্বাস্থ্যসেবার জন্য যোগ্য কিনা তা পরীক্ষা করার ক্ষেত্রে এগুলো আমাদের সাহায্য করবে। আপনি যে ধরনের ডকুমেন্ট নিয়ে আসতে পারেন তা জানার জন্য নিচের তালিকা দেখুন:

- পাসপোর্ট (এবং ভিসা, যদি আপনার ভিসা থাকে)
- বসবাসের অনুমতি
- যুক্তরাজ্য প্রদত্ত ফটোকার্ড ড্রাইভিং লাইসেন্স
- জাতীয় পরিচয়পত্রের ফটোকার্ড
- ইউটিলিটি বা কাউন্সিল ট্যাক্স বিল
- ভাড়ার চুক্তি বা বন্ধকীর স্টেটমেন্ট
- ব্যাংক বা বিল্ডিং সোসাইটি স্টেটমেন্ট

সব বিল বা স্টেটমেন্ট তিন মাসের বেশি পুরানো হতে পারবে না।

আপনি যদি যুক্তরাজ্যে বসবাসরত একজন বিদেশী শিক্ষার্থী হন তাহলে এই বিষয়গুলো নিশ্চিত করার জন্য আপনাকে আপনার শিক্ষা প্রতিষ্ঠানের কাছে থেকে একটি চিঠিও সাথে করে নিয়ে আসতে হবে।

## আপনাকে যদি চিকিৎসা পাওয়ার জন্য অর্থ প্রদান করতে হয়

আমরা আপনাকে খরচ সম্পর্কে আগাম একটি ধারণা দেওয়ার চেষ্টা করবো। কিন্তু আপনি যদি জরুরী পরিচর্যা গ্রহণ করেন তাহলে আপনার চিকিৎসা শেষ না হওয়া পর্যন্ত আমরা এমন করতে পারবো না। আপনাকে ডিসচার্জ দেয়ার পর আপনি কি কি চিকিৎসা পেয়েছেন তা জানার পরেই আমরা আপনার চূড়ান্ত খরচের হিসাব করতে পারবো।

আপনি নগদ অর্থ প্রদান করে, ক্রেডিট বা ডেবিট কার্ড ব্যবহার করে আপনি যে চিকিৎসা পেয়েছেন তার জন্য অর্থ প্রদান করতে পারবেন। আপনি ব্যাংক ট্রান্সফার বা অনলাইনেও অর্থ প্রদান করতে পারবেন।

অর্থ প্রদানের বিষয়ে আপনার প্রশ্ন বা দুশ্চিন্তা থাকলে, অনুগ্রহ করে আমাদের পেমেন্ট টিমের সাথে এই ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন: imperial.creditcontrol@nhs.net। এছাড়াও আপনি 0203 312 7158 বা 07919 228034 নম্বরে কল করতে পারেন।

**যুক্তরাজ্যের আইন অনুসারে, ইস্যু হওয়ার তারিখের দুই মাসের মধ্যে যে ঋণ পরিশোধ করা হয় না সেগুলি সম্পর্কে আমাদের অবশ্যই রিপোর্ট করতে হবে। আমাদের অবশ্যই ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড সোশ্যাল কেয়ার-এর কাছে এগুলো রিপোর্ট করতে হবে।**

অভিবাসন সংক্রান্ত সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে হোম অফিস নন-পেমেন্ট বিবেচনায় নিতে পারে।

## আপনার কি আর কোনো প্রশ্ন আছে?

আপনার যদি কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আমাদের ওভারসিজ ভিজিটর টিমের সাথে যোগাযোগ করুন।

ইমেইল: imperial.overseas.office@nhs.net

হাসপাতালের যোগাযোগের নম্বর

| St Mary's | Western Eye | Charing Cross | Hammersmith \| QCCH |
|---|---|---|---|
| 020 3312 2173 | 020 3312 6692 | 020 3311 7715 | 020 3313 1623 |
| 07876 423521 | 07557 587757 | 07500 559103 | 07443 265959 |

## আমার ভিজিট সম্পর্কে আমি কীভাবে মতামত জানাতে পারবো?

আমরা সম্ভাব্য সর্বোত্তম পরিষেবা প্রদানের লক্ষ্যে কাজ করি এবং আমাদের কর্মীরা আপনার যে কোনো প্রশ্নের উত্তর দিতে পেরে খুশি হবেন। আপনার ভিজিট সম্পর্কে যদি আপনার কোন **পরামর্শ** বা **মতামত** থাকে, তাহলে অনুগ্রহ করে স্টাফের একজন সদস্যের সাথে কথা বলুন বা পেশেন্ট অ্যাডভাইস অ্যান্ড লিয়াজো সার্ভিসের (**PALS**) সাথে **020 3312 7777** নম্বরে (সোমবার থেকে শুক্রবার সকাল 10.00 – বিকাল 16.00টার মধ্যে) যোগাযোগ করুন। এছাড়াও আপনি PALS-কে imperial.pals@nhs.net ঠিকানায় ইমেইল করতে পারেন। PALS টিম আপনার দুশ্চিন্তা, পরামর্শ বা প্রশ্ন শুনবে এবং আপনার পক্ষে সমস্যা সমাধানে সাহায্য করতে পারবে।

বিকল্পভাবে, আপনি আমাদের অভিযোগ বিভাগের সাথে যোগাযোগ করে অভিযোগ করতে পারবেন:

Complaints department, fourth floor, Salton House, St Mary's Hospital, Praed Street

London W2 1NY

ইমেইল: ICHC-tr.Complaints@nhs.net

টেলিফোন: **020 3312 1337 / 1349**

বিকল্প ফরম্যাট

এই লিফলেটটি অনুরোধের ভিত্তিতে বড় অক্ষরের প্রিন্টে বা সহজে পাঠযোগ্য হিসাবে, সাউন্ড রেকর্ডিং হিসাবে, ব্রেইল বা বিকল্প ভাষায় প্রদান করা যাবে। অনুগ্রহ করে কমিউনিকেশন টিম-এর কাছে ইমেইল করুন: imperial.communications@nhs.net

## Wi-fi

আমাদের ট্রাস্ট-এ Wi-fi এভেইলেবল আছে। আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন: www.imperial.nhs.uk

ওভারসিজ ভিজিটর টিম
প্রকাশিত: মার্চ 2024
পর্যালোচনার তারিখ: মার্চ 2027
রেফারেন্স নং: 936B